154

দৈনিক সংবাদ

তারিখ ... MAY 13 1999 ...
পৃষ্ঠা . 2 কলাম ৪

# রাজশাহী বিশ্ববিদ্যালয়ে আবার ৩ দিনের ছাত্র ধর্মঘট

(বিশ্ববিদ্যালয় সংবাদদাতা)

রাজশাহী বিশ্ববিদ্যালয় ছাত্রদল রাজশাহী বিশ্ববিদ্যালয়ে আবারও সোমবার থেকে তিনদিনের ধর্মঘট ডেকেছে।

রাকসু নির্বাচন স্থগিতের প্রতিবাদে ও আবার নির্বাচনের তারিখ ঘোষণার দাবিতে বুধবার ক্যাম্পাসে অনুষ্ঠিত ছাত্রসভা থেকে এ ধর্মঘটের ডাক দেয়া হয়। এদিকে গণতান্ত্রিক ছাত্রঐক্যও সোমবার ক্যাম্পাসে একই দাবিতে ছাত্র ধর্মঘট আহ্বান করেছে।

## বিশ্ববিদ্যালয় ছুটি

আগামী ২৩শে মে থেকে রাজশাহী বিশ্ববিদ্যালয়ে ৩৯ দিনের গ্রীষ্মকালীন ছুটি শুরু হচ্ছে। ১লা জুলাই বিশ্ববিদ্যালয় খুলবে।